প্রতি মুহূর্তে বিশ্বের নানা প্রান্তে ঘটে চলেছে নানা ঘটনা। ঘটনার এই ঘনঘটা থেকে মুক্ত নয় তথ্যপ্রযুক্তি শিল্পও। তথ্যপ্রযুক্তি শিল্পের চমকপ্রদ সব খবর নিয়ে সি নিউজ-এর নিয়মিত আয়োজন **দূর দিগন্ত**।

ফেসবুকে ঝগড়া থেকে খুন!

বিশ্বের জনপ্রিয়তম সোশ্যাল নেটওয়ার্কিং সাইট ফেসবুক নানা কারণেই আলোচিত সমালোচিত। তবে এবার যে কারণে আলোচনার শিরোনামে এল ফেসবুক, সেটা ফেসবুকের কোনো সদস্যেরই পছন্দ হবে না। কারণটিযে খুন! ঘটনাটা ঘটেছে বৃটেনে। ফেসবুকে ঝগড়া হয় দুই তরুণের, আর সে ঝগড়ার ফলশ্রুতিতে ১৬ বছর বয়েসী এক তরুণ খুন করে সালুম কম্বো নামে তার ১৮ বছর বয়েসী এক বন্ধুকে। ঝগড়াটাও তেমন কিছু নয়, নিহত বন্ধুটি অপর বন্ধুকে অপমানজনক কয়েকটি নামে ডেকেছিল, আর তাতেই ভয়ঙ্কর গোস্বা করে সে। পরিণতি, দিনকয়েক পর বুকে উপুর্যপুরি ছুরিকাঘাত করে সে হত্যা করে কম্বোকে। পুলিশ হত্যাকারী তরুণের নাম প্রকাশ করেনি, তবে গত মে মাসেই তার বিচার কাজ সমাপ্ত হয়েছে এবং বিচারে তার দীর্ঘ জেলদ হয়ে গেছে। আদালতে বিচারক খুনী তরুণের উদ্দেশে মন্তব্য করেন, 'আপনি যে কাজটি করেছেন তাতে সাহসিকতার কিছু নেই। এটা পুরোপুরিভাবে একটা কাপুরুষের কাজ।'

কেনিয়ায় মোবাইল ফোনের রেজিস্ট্রেশন নিয়ে কড়াকড়ি

দেশে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং মোবাইল ফোন সম্পর্কিত অপরাধের মাত্রা বেড়ে যাওয়ায় কেনীয় সরকার সেদেশের সমস্ত মোবাইল ফোনের রেজিস্ট্রেশন করার নির্দেশ জারি করেছেন। এখন থেকে কেনিয়ানদেরকে মোবাইল ফোন নেয়ার আগে নাগরিকত্বের কাগজপত্র প্রদর্শন করতে হবে। জুলাই মাসের মধ্যেই বর্তমানের আনরেজিস্টার্ড সমস্ত মোবাইল ফোন রেজিস্ট্রেশন করে নিতে হবে। নাহলে সেগুলোর সংযোগ বিচ্ছিন্ন করে দেয়া হবে বলে সরকারের পক্ষ থেকে হুঁশিয়ারি উচ্চারণ করা হয়েছে। কেনিয়ার নাগরিকরাও সরকারের এ পদক্ষেপকে স্বাগত জানিয়েছে। এটি পুরোপুরিভাবে বাস্তবায়িত হলে অপরাধীদের দৌরাত্ম্য কিছুটা হলেও কমবে বলে মনে করে সাধারণ কেনীয়রা। সরকারের একজন মুখপাত্র বলেছেন, অপহরণকারীরা প্রায়ই আনরেজিস্টার্ড নম্বর থেকে ফোন করে মুক্তিপণ দাবি করে। দেশের সব মোবাইল ফোনের রেজিস্ট্রেশন হয়ে গেলে এসব ফোন ব্যবহার করে অপরাধীদের খুঁজে বের করা যাবে বলে মনে করেন তিনি।

প্রযুক্তির স্রোতে মুদ্রিত তথ্য হারিয়ে যাওয়ার আশঙ্কা

তথ্যপ্রযুক্তির নিত্যনতুন আবিষ্কারের মুখে কাগজবিহীন এক সভ্যতা প্রতিষ্ঠিত হবে এবং কাগজে লেখা ছাপানোর চল উঠে যাবে বলে অনেকদিন ধরেই আশঙ্কা প্রকাশ করে আসছেন অনেকে। এবার তাদের সঙ্গে সুর মেলালেন ব্রিটিশ নাট্যকার স্যার টম স্টপার্ডও। তিনি মনে করেন প্রযুক্তিময় বিশ্বে মুদ্রিত কাগজের মৃত্যু ঘটার আশঙ্কা দেখা দিয়েছে। বিশেষ করে শিশুরা মুদ্রিত কাগজের পরিবর্তে তথ্যপ্রযুক্তি নিয়ে বেশি সময় ধরে পড়ে থাকছে বলেই এ আশঙ্কাটা প্রকাশ করেছেন স্যার স্টপার্ড। একই সঙ্গে শিশুদের শিক্ষাক্রমে ইংরেজি এবং মানবিক বিষয়সমূহ গুরুত্ব হারাচ্ছে বলেও সতর্কবাণী উচ্চারণ করেছেন তিনি। তিনি বলেন, 'অন্য সবার মত আমিও বুঝতে পারছি, আমাদের মনোযোগ দাবি করে এমন জিনিসের সংখ্যা দিনদিন বেড়ে চলেছে। আমরা যখন ছোট ছিলাম তখন মুদ্রিত তথ্যের যে চাহিদা বা আকর্ষণ ছিল এখন আর যেন তা নেই। বর্তমানে আমরা প্রযুক্তিময় এক বিশ্বে বাস করছি, এখন বইয়ের ছবির চাইতে চলমান ছবিই শিশুদের বেশি পছন্দ।'

যুক্তরাষ্ট্রে ব্রডব্যান্ড নিয়ে লড়াই জোরদার হচ্ছে

মার্কিন যুক্তরাষ্ট্রে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ নিয়ে আদালতের সাম্প্রতিক একটি রায়ের পর সেদেশের ফেডারেল কমিউনিকেশনস কমিউনিকেশনের কিছু উদ্যোগ দেশটিতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের ভবিষ্যৎ নিয়ে নতুন করে প্রশ্নের জন্ম দিয়েছে। ফেডারেল কমিউনিকেশনস কমিউনিকেশন (এফসিসি) ব্রডব্যান্ড সংযোগ নিয়ে ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানগুলোর ওপর কড়াকড়ি কিছু নিয়ম আরোপ করতে যাচ্ছে। এরই অংশ হিসেবে ব্রডব্যান্ড সংযোগ নিয়ন্ত্রণের ব্যাপারে তাদের তিনটি ভিন্ন ভিন্ন পরিকল্পনার ওপর জনগণের মন্তব্য আহ্বান করেছে এফসিসি। এসব কিছুরই শুরু কিছুদিন আগে দেয়া আদালতের রায়টির পর থেকে। এ রায়ে ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ড নিয়ন্ত্রণে এফসিসির কতটুকু অধিকার আছে তা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। তার পর থেকেই আইসএপিগুলো এবং এফসিসি অনেকটা মুখোমুখি অবস্থানে চলে গেছে। আদালতের এই রায় নেট নিউট্রালিটি নামে পরিচিত এফসিসি-র ব্রডব্যান্ড সংক্রান্ত পরিকল্পনা, যাতে সমস্ত ডাটা ট্রাফিককে সমান চোখে দেখার ঘোষণা দেয়া হয়েছে, তার ভবিষ্যৎকে বেশ কিছুটা অনিশ্চিত করে দিয়েছে।

ফোন বিক্রেতাদের হ্যান্ডসেটের রেডিয়েশন লেভেল জানাতে হবে

সম্প্রতি যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকো শহরের সিটি কাউন্সিল ১০-১ ভোটে একটি প্রস্তাব পাশ করেছে যেটি বাস্তবায়িত হলে সে শহরের মোবাইল ফোনের প্রতিটি খুচরা বিক্রেতাকে মোবাইল হ্যান্ডসেটের পাশে সেটির রেডিয়েশন লেভেল লিখে রাখতে হবে। এ প্রস্তাবের প্রধান উদ্গাতা সোফি ম্যাক্সওয়েল বলেন, 'আমরা চাইছি মানুষ মোবাইল ফোন কেনার ক্ষেত্রে জেনেশুনে সিদ্ধান্ত নিক।' মোবাইল ফোন ইন্ডাস্ট্রি অবশ্য বিভিন্ন গবেষণা সমীক্ষার নজির দেখিয়ে বলেছে, মোবাইল ফোনের তেজস্ক্রিয়তা মানবশরীরের জন্য বিপজ্জনক নয় বলে প্রমাণিত হয়েছে। এর আগে ক্যালিফোর্নিয়া ও মেইন অঙ্গরাজ্যে দুটো আইনী লড়াই করে বিজয়ীও হয় তারা। সান ফ্রান্সিসকোর মেয়র গেভিন নিউসম-এর মুখপাত্র টনি উইনিকার বলেন, 'মানুষকে সেল ফোন ব্যবহারে নিরুৎসাহিত করা আমাদের উদ্দেশ্য নয়। আমরা স্রেফ ভোক্তাদের জন্য আরো বেশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে চাই।' মেয়র গেভিন নিউসম প্রস্তাবনাটিকে আইনে রূপান্তরের পক্ষে স্বাক্ষর করতে যাচ্ছেন বলেও জানিয়েছেন টনি উইনিকার।

গুগল-এর বিরুদ্ধে ব্রিটিশ পুলিশের তদন্ত

যুক্তরাজ্যের মেট্রোপলিটন পুলিশ অনিরাপদ ওয়াই-ফাই নেটওয়ার্ক থেকে ডাটা সংগ্রহ করার অভিযোগে গুগলের বিরুদ্ধে তদন্তের উদ্যোগ নিয়েছে। 'প্রাইভেসি ইন্টারন্যাশনাল' নামে একটি মানবাধিকার সংস্থার দায়ের করা অভিযোগের পরিপ্রেক্ষিতেই এ উদ্যোগ নিতে যাচ্ছে ব্রিটিশ

পুলিশ। গুগলের ‘সিক্রেট ভিউ কার’ থেকে ডাটা ক্যাপচার করার উদ্যোগটির মাধ্যমে বৃটেনের রেগুলেশন অব ইনভেস্টিগেটরি পাওয়ার্স অ্যাক্ট (রিপা) আইন ভঙ্গ করা হয়েছে বলে দাবি করেছে প্রাইভেসি ইন্টারন্যাশনাল। তদন্তের অংশ হিসেবে যে কোনো সময় গুগলের বেশ কয়েকজন কর্মীকে জিজ্ঞাসাবাদ করতে পারে পুলিশ। পুলিশ জানিয়েছে, প্রাথমিক তদন্ত শেষ হতে ১০ দিন লেগে যাবে। প্রাথমিক তদন্তে যদি দেখা যায় গুগল রিপা বা অয়্যারলেস টেলিগ্রাফি আইন ভঙ্গ করেছে তাহলে পরবর্তী পর্যায়ের তদন্ত কাজ হস্তান্তর করা হবে বিশেষজ্ঞদের একটি দলের কাছে। গুগল অবশ্য এরই মধ্যে স্বীকার করেছে তারা অনিরাপদ ওয়াই-ফাই নেটওয়ার্ক থেকে ডাটা সংগ্রহ করেছে, যদিও এটি দুর্ঘটনাক্রমে ঘটেছে বলেই দাবি করছে তারা।

মোবাইল ফোন যখন পারসোনাল সুপারকম্পিউটার!

যুক্তরাষ্ট্রের ভেরিজন অয়্যারলেস এবং মটোরোলা জুটি বেঁধে সম্প্রতি বাজারে এনেছে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা স্মার্টফোন ‘ড্রয়েড এক্স’। ৪.৩ ইঞ্চি আয়তনের টাচস্ক্রিন, ৮ মেগাপিক্সেল কামেরা এবং ১ গিগাহার্টজ গতির প্রসেসর সমৃদ্ধ এ স্মার্টফোনকে দেখা হচ্ছে বর্তমান সময়ের সবচেয়ে অগ্রসর প্রযুক্তির স্মার্টফোন হিসেবে। এটির ব্যাপারে গুগল-এর চিফ এক্সিকিউটিভ এরিখ স্মিড্ট বলেন, ‘এটি থাকা মানে আপনার হাতে একটা পারসোনাল সুপারকম্পিউটার থাকা।’

ড্রয়েড এক্স-এর উদ্বোধন উপলক্ষে নিউ ইয়র্ক, শিকাগো এবং সান ফ্রান্সিসকোতে একই সঙ্গে আয়োজিত অনুষ্ঠানগুলোতে ভেরিজন, গুগল, মটোরোলা এবং অ্যাডোব প্রতিটি কোম্পানি তাদের সর্বোচ্চ পদাধিকারী ব্যক্তিটিকে পাঠিয়েছিল। ড্রয়েড সিরিজে মোবাইল সেবাদাতা প্রতিষ্ঠান ভেরিজনের এটি চতুর্থ ফোন। এর আগে অরিজিনাল মটোরোলা ড্রয়েড, ড্রয়েড এরিস এবং ড্রয়েড ইনক্রেডিবল বাজারে এনেছিল তারা। ড্রয়েড এক্স হচ্ছে মটোরোলা-র ১১তম অ্যান্ড্রয়েড-চালিত স্মার্টফোন। এটির গবেষণা ও উন্নয়ন কাজে মটোরোলা বিপুল পরিমাণ অর্থ ব্যয় করেছে।

রেড হ্যাটের ক্লাউড উদ্যোগ

রেড হ্যাট নতুন একটি প্যাকেজের আওতায় ‘রেড হ্যাট ক্লাউড ফাউন্ডেশনস’ নামে ক্লাউড কম্পিউটিং সংক্রান্ত একটি উদ্যোগ হাতে নিয়েছে। এর আওতায় বিভিন্ন সংগঠন পাবলিক ক্লাউড এবং তাদের প্রাইভেট ক্লাউডে বিভিন্ন অ্যাপি-কেশন চালাতে পারবে। রেড হ্যাট-এর ভাইস প্রেসিডেন্ট স্কট ক্রিনশ জানান, হাইব্রিড ক্লাউড চালানোর জন্য পরিপূর্ণ প্যাকেজ প্রদান করে সারা বিশ্বে এমন মাত্র দুটো কোম্পানির মধ্যে রেড হ্যাট একটি। অন্যটি হচ্ছে মাইক্রোসফট। যুক্তরাষ্ট্রের বোস্টনে রেড হ্যাট আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠানে ক্লাউড সম্পর্কিত যে কয়েকটি ঘোষণা দেয়া হয়েছে এটি তার মধ্যে একটি। এছাড়া তাদের ‘রেড হ্যাট সার্টিফায়েড ক্লাউড প্রোভাইডার প্রোগ্রাম’-এর জন্য বেশ কয়েকটি সহযোগী প্রতিষ্ঠানের নামও ঘোষণা করেছে কোম্পানিটি। এদের মধ্যে আইবিএম, এনটিটি কর্পোরেশন এবং স্যাভিস-এর মত প্রতিষ্ঠান আছে। একই সঙ্গে এটি রেড হ্যাট এন্টারপ্রাইজ ভার্চুয়ালাইজেশন (আরএইচইভি)-র ২.২ সংস্করণ অবমুক্ত করার পাশাপাশি আরএইচইভি প্যাকেজে সিসকো-র ভার্চুয়াল নেটওয়ার্ক লিংক (ভিএন-লিংক)-কেও অন্তর্ভুক্তও করেছে।

স্যানডিস্কের নিরাপদ ও দীর্ঘস্থায়ী ডিজিটাল কার্ড

স্যানডিস্ক সম্প্রতি এমন একটি ডিজিটাল কার্ড আবিষ্কারের ঘোষণা দিয়েছে যেটি ১০০ বছর ধরে ডাটা সংরক্ষণ করে রাখতে পারবে। তবে এটিতে

SanDisk®

ডাটা লিপিবদ্ধ করা যাবে মাত্র একবারই। তারা এটির নাম দিয়েছে ওয়াম (WORM) কার্ড। WORM-এর পূর্ণ রূপ হচ্ছে রাইট ওয়ান্স, রিড মেনি। এক বিবৃতিতে স্যানডিস্ক জানিয়েছে, এ কার্ডটি টেম্পারপ্রুফ, অর্থাৎ একবার ডাটা লিপিবদ্ধ করার পর এটিকে পরিবর্তন করা বা ডাটা মোছা যাবে না। আইনী উপাত্ত, চিকিৎসা সম্পর্কিত তথ্য বা ফরেনসিক নমুনার মত গুরুত্বপূর্ণ ডাটা সুদীর্ঘকাল ধরে সুন্দরভাবে সংরক্ষণ করার জন্য এ কার্ড কাজে আসবে বলে মনে করে স্যানডিস্ক। কার্ডটির উপাত্ত সংরক্ষণ সামর্থ্য আপাতত ১ গিগাবাইট। নানা পরীক্ষা নিরীক্ষা করে স্যানডিস্ক নিশ্চিত হয়েছে যে, ঘরের স্বাভাবিক তাপমাত্রায় এ কার্ডটি নিশ্চিন্তে একশো বছর ধরে ডাটাকে সংরক্ষণ করতে পারবে। আকারে এটি ডিভিডি ডিস্কের চাইতে ছোট। ডিজিটাল ক্যামেরা এবং মোবাইল ফোনের মত ডিভাইসের এসডি কার্ড স্ল-টে ব্যবহার করা যাবে এটি।

বিশ্বে স্মার্টফোনের প্রচলন বাড়ছে

চলতি বছরের প্রথম তিন মাসে সারা বিশ্বে স্মার্টফোনের প্রচলন ও বিক্রি বেড়েছে। একই সঙ্গে তার আগের তিন মাসের চাইতে আইফোনের বিক্রিও সাতাশি লক্ষ থেকে বেড়ে আটাশি লক্ষ হয়েছে। প্রতি বছরই অবশ্য প্রথম তিন মাসে গেল বছরের শেস তিন মাসের চাইতে স্মার্টফোনের বিক্রি কিছুটা কমে যায়। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। এটাকে অস্বাভাবিক কিছু বলে মানতে নারাজ গবেষণা প্রতিষ্ঠান এবিআই রিসার্চ-এর একজন গবেষক মাইকেল মরগান। এবিআই জানিয়েছে, ২০০৯-এর প্রথম তিন মাসে স্মার্টফোনের বিক্রি ছিল চার কোটির কম, ২০১০-এর শুরুতে সেটি প্রায় সাড়ে পাঁচ কোটি ছুঁয়েছে। স্মার্টফোনের বিক্রি উত্তরোত্তর বাড়ার অন্যতম কারণ হচ্ছে এর দাম ক্রমশ কমে যাওয়া। নকিয়া এবং অ্যাপল সর্বসাধারণের সাধ্যের মধ্যে দামে স্মার্টফোন বাজারে নিয়ে আসার প্রয়াস নিয়েছে। এর মধ্যে নকিয়া-র এক্স সিরিজ মডেল অন্যতম। অ্যাপল-এর আইফোনের ক্রমবর্ধমান জনপ্রিয়তাও এক্ষেত্রে ভূমিকা রেখেছে।

অ্যাপল আইফোনের অদ্ভুত তথ্য

অ্যাপল আইফোনের বিক্রয় পরবর্তী সেবা প্রদান করে এমন একটি প্রতিষ্ঠান সম্প্রতি জানিয়েছে, এ পর্যন্ত যত আইফোন বিক্রি হয়েছে তার প্রতি চারটির একটিই কেনার প্রথম দু বছরের মধ্যেই হয় ভেঙ্গে গেছে বা বিকল হয়ে গেছে। ‘স্কয়্যার ট্রেড ইনকর্পোরেটেস’ নামের এ প্রতিষ্ঠানটি অ্যাপল আইফোনের জন্য এক্সটেন্ডেড সেলস ওয়ার‍্যান্টি প্রদান করে। তারা জানিয়েছে, অ্যাপল-এর এই জনপ্রিয় স্মার্টফোনটির শতকরা ২৬ ভাগকে নিয়েই ক্রেতারা নানা ধরনের সমস্যায় পড়েন। অ্যাপল আইফোনের নির্ভরযোগ্যতার ব্যাপারে এর আগে যে সমীক্ষাটি চালানো হয়েছিল তার চাইতে অবশ্য এবারের সমীক্ষার ফলাফল তুলনামূলকভাবে ভাল এসেছে। স্কয়্যার ট্রেড-এর বিপণন শাখার ভাইস প্রেসিডেন্ট ভিন্স সেং বলেন, ‘শতকরা ২৬ ভাগ শুনতে যতটা খারাপ শোনাচ্ছে বাস্তবে তা নয়। আইফোনের ফেইল্যুর রেট কিন্তু আগে এর চাইতে বেশি ছিল। এ হার কমে যাওয়াটাকে আমি আইফোনের জন্য একটা সুসংবাদই বলব। স্কয়ার ট্রেড-এর পূর্ববর্তী এক সমীক্ষায় আইফোনের ফেইল্যুর রেট ৩১ শতাংশ দেখানো হয়েছিল। ■